# Office of Research & Extension (ORE)

## গবেষণা ও সম্প্রসারণ কার্যালয়

Bangladesh University of Textiles (BUTEX)
Tejgaon, Dhaka-1208.

Memo: BUTEX/2021/RnE/0024 — তারিখঃ ০৩/০৮/২০২২

**বিষয়ঃ JSPS-UGC Joint Research Project for FY 2023 এর আবেদন আহ্বান প্রসঙ্গে।**

সূত্রঃ স্বারক নং- ইউজিসি/আইসিসি/৫.৩৫/জেএসপিএস জ. রি প্র./১০/২০১৫/২৩৩৭; তারিখঃ ২৪ জুলাই ২০২২।

উপরোক্ত বিষয় এবং সূত্রের আলোকে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববদ্যালয়ের সম্মানিত শিক্ষকমন্ডলির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে JSPS-UGC-এর তত্ত্বাবধানে পরিচালিত Joint Research Project for FY 2023-এর আওতায় ক) Humanities, খ) Social Sciences এবং গ) Natural Sciences বিষয়ে প্রকল্প প্রস্তাব আহ্বান করা হয়েছে। উল্লেখ্য যে, আবেদনে উল্লেখিত শর্তাবলী মেনে অত্র বিশ্ববিদ্যালয়ের আগ্রহী শিক্ষকগণকে নির্ধারিত প্রোফরমায় (যা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ওয়েব সাইটে www.ugc.gov.bd নোটিশ বোর্ড/ফরম অংশে পাওয়া যাবে) পুর্নাংগ প্রকল্প প্রস্তাব ই-মেইলের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত প্রোফরমা পূরণপুর্বক চাহিত সংশ্লিষ্ট সকল তথ্য (পিডিএফ ও ওয়ার্ড কপি) অবশ্যই আগামী ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে নোটিশে উল্লেখিত ঠিকানায় (mamunugcbd@gmail.com) প্রেরণ করতে হবে। বিস্তারিত এবং প্রয়োজনীয় তথ্য এই লিংকে (www.ugc.gov.bd) এবং (https://www.jsps.go.jp/english/e-bilat/call.html) পাওয়া যাবে।

উপযুর্ক্ত বিষয়টি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষকদেরকে অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ UGC থেকে প্রেরিত পত্র।

03/08/2022
অধ্যাপক ড. উম্মুল খায়ের ফাতেমা
পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) (অ.দ.), বুটেক্স।

বিতরনঃ (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সকল ডীন, বুটেক্স।
২। সকল বিভাগীয় প্রধান, (বিভাগের সকল শিক্ষকদের অবগত করার অনুরোধ সহ) বুটেক্স।
৩। আইসিটি সেল, (বুটেক্স ওয়েবসাইটে নির্ধারিত পেইজে আপলোডের অনুরোধ সহ), বুটেক্স।
৪। শিক্ষক কমনরুম, বুটেক্স।
৫। রেজিষ্ট্রার, বুটেক্স।
৬। সেকশন অফিসার, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বুটেক্স।
৭। সংশ্লিষ্ট নথি, বুটেক্স।

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Web: www.ugc.gov.bd


স্মারক নং- ইউজিসি/আইসিসি/৫.৩৫/জেএসপিএস জ. রি. প্র./১০/২০১৫/২৩৩৭

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৯ / ২৪ জুলাই ২০২২

বিষয়ঃ **JSPS-UGC Joint Research Project for FY 2023** এর আবেদন আহ্বান প্রসঙ্গে।

জনাব,

**JSPS-UGC** এর তত্ত্বাবধানে পরিচালিত **Joint Research Project for FY 2023** এর আওতায় উল্লিখিত বিষয়ে আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-এর নিকট থেকে নির্ধারিত প্রোফরমায় (প্রোফরমা www.ugc.gov.bd ওয়েব সাইটের নোটিশ বোর্ড/ফরম অংশে পাওয়া যাবে) প্রকল্প প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। তবে শর্ত থাকে যে, নির্ধারিত প্রোফরমা পূরণপূর্বক চাহিত সংশ্লিষ্ট সকল তথ্য (পিডিএফ ও ওয়ার্ড কপি) আগামী ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে ইমেইলযোগে (mamunugcbd@gmail.com) অবশ্যই প্রেরণ করতে হবে এবং উহার প্রাপ্তি নিশ্চয়তা কমিশনের সংশ্লিষ্ট শাখা থেকে ইমেইলের মাধ্যমে জানানো হবে (নির্ধারিত তারিখের পরে এ বিষয়ে কোন ইমেইল গ্রহণ করা হবে না)। বর্ণিত বিষয়ে কোন হার্ডকপি কমিশনে গ্রহণ করা হবে না।

২। নিম্নবর্ণিত বিষয়সমূহে গবেষণার জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে:

(ক) Humanities (খ) Social Sciences (গ) Natural Sciences

৩। প্রকল্প প্রস্তাব প্রদানকারী প্রার্থীর নিম্নোক্ত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে:

ক) প্রার্থীকে পিএইচডি ডিগ্রীধারী হতে হবে;

খ) বাংলাদেশের আবেদনকারীকে একজন জাপানিজ Principal Researcher/Host Scientist নির্বাচন করতে হবে; যৌথভাবে গবেষণার বিষয়ে জাপানিজ Principal Researcher/Host Scientist এর সম্মতি পত্র অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং উক্ত পত্রে জাপানে ভ্রমণের মেয়াদের কথা উল্লেখ থাকতে হবে);

গ) প্রার্থীকে বিশ্ববিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত কোন গবেষণা প্রতিষ্ঠানের শিক্ষক/গবেষক হতে হবে;

ঘ) গবেষণা কার্যে পর্যাপ্ত অভিজ্ঞতা এবং প্রকাশনা থাকতে হবে। প্রকাশনার তালিকা আবেদন ফরম এর সাথে সংযুক্ত করতে হবে;

ঙ) গবেষণার বিষয়বস্তু জাতীয় চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং সাথে সংযুক্ত ফরম অনুযায়ী আবেদন পেশ করতে হবে;

চ) নির্ধারিত প্রোফরমায় আবেদনপত্রের সাথে ইংরেজীতে পূর্ণাঙ্গ বায়োডাটা অবশ্যই সংযুক্ত করতে হবে (একাডেমিক পরীক্ষা সমূহে প্রাপ্ত ক্লাস/ডিভিশন সহ)। যে শিক্ষা প্রতিষ্ঠান এবং দেশ থেকে পিএইচডি করেছেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

ছ) প্রার্থীর বিগত ৫ বছরের বিদেশ ভ্রমণের পূর্ণাঙ্গ তথ্য আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে;

জ) জাপানে ভ্রমণের প্রস্তাব প্রক্রিয়াকরণের সুবিধার্থে জাপানে ভ্রমণের তারিখ ১লা জুন এর পূর্বে হওয়া সমীচীন হবে;

(ঝ) উল্লেখ্য যে, আগামী ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে অবশ্যই একই তথ্য (কমিশনকর্তৃক সরবরাহকৃত প্রোফরমায় উল্লিখিত) জাপানিজ Principal Researcher/Host Scientist এর মাধ্যমে **JSPS**-এ সাবমিট করতে হবে। যথা সময়ে আবেদনপত্র সাবমিট না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না;

(ঞ) JSPS- এ আবেদনপত্র সাবমিশনসহ বিস্তারিত তথ্য এই লিংকে (https://www.jsps.go.jp/english/e-bilat/call.html)পাওয়া যাবে;

(ট) অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

৪. এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়টি বহুল প্রচারের জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয়, ইনস্টিটিউট এবং বিভাগসমূহের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শণসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।


রেজিস্ট্রার দপ্তর
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
ডায়েরী নং- ৭৭৭ তারিখ: ২৮/০৭/২২


কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

২৪.০৭.২০২২

সুরাইয়া ফারহানা
উপ-পরিচালক
ইন্টারন্যাশনাল কোঅপারেশন এন্ড কোলাবোরেশন

বিতরণ:

১-৪৬। রেজিস্ট্রার (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ জগন্নাথ/ কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/ বরিশাল/ বাংলাদেশ টেক্সটাইল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম মেডিকেল / রাজশাহী মেডিকেল/রবীন্দ্র বিশ্ববিদ্যালয়,বাংলাদেশ/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান/ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/ খুলনা কৃষি/ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি/ সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। একান্ত সচিব (উপসচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;

২। কম্পিউটার প্রোগ্রামার, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা (প্রোফরমা এবং পত্র কমিশনের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো);

৩। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;

৪-৫। নথি/মহানথি।

২৪.০৭.২০২২

মো. মামুন
সিনিয়র সহকারী সচিব (আইসিসি)